ইউনিট ১১

# উন্নত ও উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক

**[Determinants of Curriculum Change in Developed and Developing Countries]**

## ভূমিকা

শিক্ষাক্রম উন্নয়ন একটি সচল ধারণা। সে জন্য শিক্ষাক্রম পরিবর্তনকে একটি ধারাবাহিক প্রক্রিয়া বলা হয়ে থাকে। সময়ের ও শিক্ষার্থীর চাহিদার সঙ্গে সংগতি বিধানের জন্যই কেবল পরিবর্তন করা হয় না এ সঙ্গে আরও কতকগুলো তাৎপর্যপূর্ণ বিষয় সম্পৃক্ত রয়েছে। এগুলো দেশের উন্নয়ন কর্মকাণ্ড, প্রচলিত শিক্ষানীতি ও শিক্ষা ব্যবস্থার পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়। শিক্ষাক্রম পরিবর্তনে কতকগুলো সর্বজনীন নির্ধারক দেখা যায় যেগুলোর দুই-তিনটি প্রায় সব উন্নত ও উন্নয়নশীল দেশে ব্যবহৃত হয়ে থাকে। এছাড়া উন্নত ও উন্নয়নশীল দেশের মধ্যে শিক্ষাক্রম নির্ধারকগুলোর বেশ পার্থক্য দেখা যায়।

উন্নত ও উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক ও কারণ একরকম নহে। উন্নত দেশগুলোর শিক্ষাক্রমের নির্ধারকগুলো দেশকে চরম উন্নতির পথে গতিশীল করে আর উন্নয়নশীল দেশের নির্ধারকগুলো দেশের জন্য প্রয়োজনীয় জনসম্পদ তৈরি করে জীবনের গুনগতমান উন্নীত করে।

বর্তমান ইউনিটে শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক সম্পর্কে নিচে আলোচনা করা হল:

### পাঠ- ১১.১: উন্নত ও উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক

পাঠ ১১.১

# উন্নত ও উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি–

- উন্নত দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক বর্ণনা করতে পারবেন;
- উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক চিহ্নিত ও বিবৃত করতে পারবেন;
- উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের কারণ উল্লেখ করতে পারবেন।

**উন্নত দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক**

শিক্ষাক্রম একটি পরিবর্তনশীল ধারণা। উন্নত ও উন্নয়নশীল দেশে শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক একরকম নহে। উন্নত দেশের শিক্ষাক্রম পরিবর্তনে যে সব দিকে গুরুত্ব আরোপ করা হয় সেগুলো হল- শিক্ষা দ্বারা জাতিকে বিশ্বের সর্বশ্রেষ্ঠ জাতি হিসেবে প্রতিষ্ঠা করা, দেশকে অর্থনৈতিক উন্নয়নের শীর্ষে স্থাপন করা, নবতর জ্ঞানে তরুণ সমাজকে প্রস্তুত করা এবং জাতির শ্রেষ্ঠ গুণীজনের, শিক্ষকের, অভিভাবকের এবং শিক্ষার্থীর চাহিদা সর্বাগ্রে বিবেচনা করা।

শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক নিরূপণে সমকালের শিক্ষাক্রম বিশেষজ্ঞ রোনাল্ড সি ডল তাঁর "The Multiple forces Affecting Curriculum Change" নামক প্রবন্ধে উন্নত দেশের শিক্ষাক্রমের চারটি নির্ধারকের কথা উল্লেখ করেছেন। তার চিহ্নিত নির্ধারকগুলোর সংক্ষিপ্ত বিবরণ নিচে উল্লেখ করা হল। এগুলোর দুই একটি উন্নয়নশীল দেশেরও শিক্ষাক্রম পরিবর্তনে নির্ধারক হিসেবে ব্যবহৃত হয়ে থাকে:

**১. শিক্ষাক্রম নিয়ন্ত্রণ উদ্যোগ (The Drive for Power):** উন্নত দেশের শিক্ষিত ব্যক্তিরা নিজের প্রভাব বিশ্বব্যাপী প্রতিষ্ঠার লক্ষ্যে শিক্ষাকে সর্বোচ্চ স্থান দিয়ে থাকেন। কারণ তাঁরা জানেন যে শিক্ষার মাধ্যমে অর্জিত জ্ঞানরূপ শক্তিই কেবল জীবন মান উন্নত করতে পারে। এজন্য তাঁরা শিক্ষাক্রম নিয়ন্ত্রণ ও পরিবর্তনের প্রচেষ্টায় নিয়োজিত হন এবং শিক্ষাক্রম পরিবর্তনের অনেকগুলো প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেন। এই উদ্যোগ গ্রহণের জন্য যে সব নির্ধারক পিছন থেকে শক্তি যোগিয়ে থাকে সেগুলো হল:

(ক) শিক্ষার্থীর উপযোগী বিষয়বস্তু চয়ন পূর্বক প্রচলিত শিক্ষাক্রমকে নবায়ণ করে নিজেদের শিক্ষাক্রম উন্নয়ন কর্মী হিসেবে গড়ে তোলা;

(খ) বিদ্যালয় উত্তীর্ণ কলেজগামী যুবকদের যুদ্ধংদেহী মনোভাব নিয়ন্ত্রণপূর্বক সংবেদনশীল, উৎপাদনক্ষম নাগরিক তৈরির জন্য শিক্ষাক্রম প্রণয়ন;

(গ) শিক্ষা প্রতিষ্ঠানকে সমাজপতিদের ব্যক্তিস্বার্থে ব্যবহারের পরিবর্তে মুক্তবুদ্ধি বিকাশের কেন্দ্র হিসেবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ ইত্যাদি।

**২. অর্থ উপার্জনের প্রবল বাসনা (The Appeal of the Money):** বস্তুবাদী সমাজে অর্থ উপার্জনের লক্ষ্যে শিক্ষাক্রম পরিবর্তন করা হয়ে থাকে। শিক্ষাক্রম পরিবর্তনের ব্যয় বহনকারী, দাতা ও শিখন সামগ্রী ব্যবসায়ী শিক্ষাক্রম পরিবর্তনে নজিরবিহীন প্রভাব বিস্তার করে থাকে। কারণ শিক্ষা ব্যবস্থা স্থানীয় জনগণের দ্বারা জাতীয়ভাবে গৃহীত বৃহত্তর শিক্ষা কাঠামোর আওতায় নিয়ন্ত্রণের দায়িত্ব অর্পণ করা হয়। শিক্ষাক্রম পরিবর্তনের অগ্রগণ্য নিয়ামক হল অর্থ।

**৩. জ্ঞান জগতের বিস্ফোরণ (Growth in Knowledge):** শিক্ষাক্রম পরিবর্তনের তৃতীয় প্রভাবকারী নির্ধারক হল জ্ঞান জগতের উত্তোত্তর বৃদ্ধি। বিশ্বজুড়ে ৮-১২ বছর সময়কালের

মধ্যে জ্ঞান ভাণ্ডারের বৃদ্ধি দ্বিগুণ হয়। শিক্ষাক্রমকে সময়ের চাহিদার সঙ্গে সচল রাখার জন্য এই নবতর জ্ঞানকে অন্তর্ভুক্ত করণের লক্ষ্যে শিক্ষাক্রমের পরিবর্তন অনিবার্য হয়ে পড়ে।

**৪. জনতার প্রয়োজনে বিদ্যালয় শিক্ষার উন্নয়ন (The Needs of People in School):** শিক্ষার্থীর উত্তম শিক্ষা প্রদানের জন্য  শিক্ষক, অভিভাবক, শিক্ষা ব্যবস্থাপক ও অন্যান্য শিক্ষা সচেতন নাগরিক সম্মিলিতভাবে পরামর্শদানের মাধ্যমে শিক্ষাক্রম পরিবর্তনের জন্য চাপ সৃষ্টি করে থাকে। কারণ এসব ব্যক্তিরাই সামাজিক, সাংস্কৃতিক ও সাম্প্রতিক শিখন চাহিদা বিদ্যালয়ের বাইরে থেকে সঠিকভাবে বিচার বিশ্লেষণ করে প্রচলিত শিক্ষাক্রমের সবল ও দুর্বল দিক চিহ্নিত করে দূরীকরণের কথা বলতে পারেন। এছাড়া শিক্ষার্থীরা আগামী দিনে বিজ্ঞান ও প্রযুক্তিগত কি কি উচ্চতর শিক্ষা গ্রহণ করতে আগ্রহী সে সম্পর্কে শিক্ষাক্রম সংস্থাকে সহায়তা করতে পারে।

**উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক**

উন্নয়নশীল দেশগুলোর আর্থ-সামাজিক অবস্থা, সরকার কাঠামো, সাংস্কৃতিক ঐতিহ্য, ধর্মীয় মূল্যবোধ, শিক্ষা ব্যবস্থা ইত্যাদি দ্বারা শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক প্রভাবিত ও সুনির্দিষ্ট হয়ে থাকে। নিচে উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের প্রধান প্রধান নির্ধারকগুলো সংক্ষেপে বিবৃত করা হল:

**(১) জনসংখ্যার অভিক্ষেপ** (Population Projection): দেশের জনসংখ্যা বৃদ্ধির গতিধারা ও ভবিষ্যৎ জনসংখ্যানীতি, জনসংখ্যা শিক্ষা, উন্নয়ন কর্মকাণ্ড ইত্যাদি শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক হিসেবে কাজ করে থাকে।

**(২) বিদ্যালয়ের বাইরে সমকালীন জীবনধারা (Contemporary Life Outside the School):** সমাজ অবিরাম পরিবর্তিত হচ্ছে, এই পরিবর্তনে প্রধান প্রধান দিকের সঙ্গে সংগতি রেখে সিদ্ধান্ত দিতে হয় কোন কোন দিক শিক্ষাক্রম পরিবর্তনে অনিবার্য।

**(৩) মানব সম্পদ নিয়োগের ধরন (Manpower Employment Pattern):** পরিবর্তিত মানব সম্পদ নিয়োগের ধরন শিক্ষাক্রম পরিবর্তনের অন্যতম নির্ধারক। যেমন: কৃষিভিত্তিক অবস্থা থেকে কৃষি শিল্পভিত্তিক অবস্থা রূপান্তরের জন্য যে ধরনের মানব সম্পদ দরকার তৎজন্য শিক্ষাক্রমে পরিবর্তন আনতে হবে।

**(৪) প্রযৌক্তিক উন্নয়ন ধারা (Technological Development Trends):** বিশ্বের তথা দেশের প্রযৌক্তিক উন্নয়ন ধারা শিক্ষাক্রম পরিবর্তনের অপর একটি নির্ধারক। যেমন: বর্তমানে মাধ্যমিক শিক্ষাক্রমে কম্পিউটারের অন্তর্ভুক্তির জন্য বিশ্বব্যাপী শিক্ষাক্রমের পরিবর্তন হচ্ছে।

**(৫) শিক্ষা ব্যবস্থায় নবতর মাত্রা সংযোজন (Introduction of New Dimension into Education System):** বর্তমান বিশ্বে শিক্ষা ব্যবস্থায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রবর্তন শিক্ষা ব্যবস্থায় একটি নবতর মাত্রা সংযোজিত করেছে। এ জন্য শিক্ষাক্রমের ব্যবস্থাপনায় পরিবর্তন এসেছে। অতএব এটি শিক্ষাক্রম পরিবর্তনে একটি নির্ধারক।

**(৬) পরিবেশ সংরক্ষণ (Environmental Protection):** নিরাপদ বাসভূমি ও পরিবেশ সংরক্ষণের জন্য বিশ্বব্যাপী প্রচেষ্টা চলছে এজন্য শিক্ষাক্রমের পরিবর্তন অনিবার্য হয়ে পড়ছে। অতএব এটি শিক্ষাক্রম পরিবর্তনে একটি নির্ধারক।

**(৭) নারীর ক্ষমতায়ণ, নারী নির্যাতন ও নারী পাচার** (Empowerment of Women, Violence Against Women and Women Trafficking): বিশ্বব্যাপী নারীর ক্ষমতায়ন, নারী নির্যাতন ও নারী পাচার ইত্যাদি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির জোড়ালো প্রচেষ্টা চলছে। ফলে এসব বিষয় অন্তর্ভুক্তির জন্য শিক্ষাক্রমে পরিবর্তন আনতে হবে। অতএব এটি শিক্ষাক্রম পরিবর্তনের একটি বিশেষ নির্ধারক হিসেবে গ্রাহ্য হচ্ছে।

এছাড়া মাদকাসক্তি, প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা, অপরাধ নিরোধ, ধর্ম যাজকগণের প্রভাব, শিক্ষিত জনগোষ্ঠীর চাহিদা, জাতীয় প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও অনবায়নযোগ্য সম্পদের যৌক্তিক ব্যবহার ইত্যাদিও শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক হিসেবে গণ্য হচ্ছে।

**শিক্ষাক্রম পরিবর্তনের কারণ**

উপরিউক্ত নির্ধারকগুলো ছাড়া শিক্ষাক্রম পরিবর্তনের কতগুলো কারণ রয়েছে। এসব কারণ হল:

(ক) অপ্রচলিত/অচল/অপ্রয়োজনীয় বিষয়বস্তু বাদ নেওয়া;
(খ) ভুল শুদ্ধকরণ;
(গ) নবতর ধারণা, তত্ত্ব ইত্যাদি অন্তর্ভুক্তকরণ;
(ঘ) সুসংবদ্ধ গ্রন্থনার জন্য;
(ঙ) শিক্ষার্থীর মানসিক পরিণমনের সঙ্গে সমন্বয় সাধন;
(চ) আন্তর্জাতিক গতিধারার সঙ্গে সংগতিবিধান;
(ছ) শিখন কাঠিন্য দূরীকরণ;
(জ) নবতর শিখন পদ্ধতি ও মূল্যায়ন কৌশল অন্তর্ভুক্তিকরণ।

## পাঠোত্তর মূল্যায়ন ১১.১

### আ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। আপনার নির্বাচিত উত্তরটি ক হলে (ক) বৃত্তায়িত করুন:

১. রোনাল্ড সি ডলের মতে শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক কয়টি?
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি।

২. শিক্ষা প্রতিষ্ঠানকে সমাজপতিদের প্রভাব থেকে মুক্ত করে কোনটি হিসেবে গড়ে তোলা হবে?
ক. মুক্তিবুদ্ধির বিকাশ কেন্দ্র খ. নিজকে কর্মী হিসেবে গড়া
গ. জ্ঞান দ্বিগুণ করার জন্য ঘ. পিছন থেকে শক্তি যোগান।

৩. শিক্ষা ব্যবস্থায় নবতর মাত্রা সংযোজন কোনটি?
ক. মানব সম্পদ খ. উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গ. মাদকাসক্তি ঘ. পরিবেশ সংরক্ষণ।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. শিক্ষাক্রম পরিবর্তনের কারণ কি কি?
২. নারীর ক্ষমতায়ণ কেন প্রয়োজন?
৩. মানব সম্পদ নিয়োগের কি শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক এবং কেন?
৪. জনতার প্রয়োজনে বিদ্যালয় শিক্ষার উন্নয়ন বলতে কি বুঝেন?

### ই) রচনাধর্মী প্রশ্ন

১. উন্নত দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক কি কি?
২. শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারক ও কারণের মধ্যে পার্থক্য কি কি?
৩. উন্নয়নশীল দেশের শিক্ষাক্রম পরিবর্তনের নির্ধারকগুলোর নাম উল্লেখ করুন।